গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে "বঙ্গাবন্ধু সুরক্ষা বীমা" পলিসি গত ১৬ মার্চ, ২০২০ তারিখে চালু করা হয়েছে। যার প্রিমিয়াম বাৎসরিক টাঃ ১০০ + ভ্যাট টাঃ ১৫ = টাঃ ১১৫/- নির্ধারণ করা হয়েছে এবং বীমা গ্রহীতা সর্বোচ্চ টাঃ ২,০০,০০০/- ক্ষতিপূরণ পাবেন। বিগত ২০১৭ হতে ২০১৯ সাল পর্যন্ত ০৩ (তিন) বছরে ৬০ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে এবং আরও ১৬৫ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। বিগত ২০১৬ হতে ২০১৮ সাল পর্যন্ত ০৩ (তিন) বছরে প্রিমিয়াম আয় যথাক্রমে ২২৩.৪৯, ৩৩৮.৬৫ ও ৩৫১.৯২ কোটি টাকা অর্জিত হয়েছে; এছাড়া ২০১৯ সালে অনিরীক্ষিত প্রিমিয়াম আয় ৩৬০ কোটি ( আনুমানিক) টাকা। অত্র সংস্থায় বিগত ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের নীট মুনাফা যথাক্রমে ২৮৫.৪৪, ৩০১.৭৩ ও ৩২৫.০২ কোটি (কর প্রদান পূর্ববর্তী) টাকা অর্জিত হয়েছে এবং ২০১৯ সনের সম্ভাব্য মুনাফা ৩৪৯ কোটি টাকা। ২০১৯ সালে কর্পোরেশনের গ্রাহক সংখ্যা ছিল ১,০৫,০০০ এবং এ সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধির জন্য কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া গ্রাহক সেবার মান উন্নয়নের ৯০ দিনের মধ্যে বীমা দাবীর নিষ্পত্তির হার ৬২% এ উন্নীত করা হয়েছে। মানব-সম্পদ উন্নয়নের আওতায় বিগত ৩ বছরে প্রায় ২৩৬ জনকে পদোন্নতি দেয়া হয়েছে। এছাড়া ১৪৩৩ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, যার মধ্যে ৭৮ জন বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ করেছে। সংস্থার ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে a2i প্রকল্পের সহযোগীতায় সংস্থার বেশ কয়েকটি 'নাগরিক সেবায় উদ্ভাবন' শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়েছে। এছাড়া সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী ০১ (এক) টি আইডিয়া বাস্তবায়ন শেষ পর্যায়ে রয়েছে। তাছাড়া সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, এন্টি মানিলন্ডারিং (AML), ই-ফাইলিং ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কার্যক্রম জোরদার করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দেশের বীমা শিল্পে প্রচলিত বীমা সম্পর্কে জনগণের আস্থাহীনতা ও সচেতনতার অভাব পরিলক্ষিত হচ্ছে। গ্রাহক সেবা প্রদানের ক্ষেত্রে প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা থাকায় জনগণের দোরগোড়ায় সহজে বীমা সেবা পৌছানো সম্ভব হচ্ছে না। দক্ষ জনবলের অভাব থাকায় মানসম্মত বীমা পণ্য উদ্ভাবন ও বাজারজাতকরণ অসম্ভব হয়ে দাড়িয়েছে। এছাড়া কমিশন প্রদানে অসামঞ্জস্যতা থাকায় বীমা প্রিমিয়াম আহরণের লক্ষ্যমাত্রা অর্জন করা কঠিন হয়ে পড়েছে। বর্তমানে বিশ্বব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাবের কারণে বীমা ও পুনঃবীমা প্রিমিয়াম অর্জনসহ কর্পোরেশনের সার্বিক কাজের লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হতে পারে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বীমা বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা কার্যক্রমের মাধ্যমে প্রিমিয়াম আয় বৃদ্ধির ধারা অব্যাহত রাখা। এছাড়া ২০২১ সালের মধ্যে সাধারণ বীমা কর্পোরেশনের সকল অফিস অন-লাইন সেবার আওতায় আনার লক্ষ্যে বীমা খাতে আরও বেশী প্রশিক্ষিত জনবল তৈরীর জন্য দেশে-বিদেশে উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা। তাছাড়া নতুন বীমা পণ্য বাজারজাতকরণসহ ডিজিটাল সেবা প্রদান করা। SDG বাস্তবায়নের আওতায় সকল বয়সী সকল মানুষের সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্য বীমা প্রচলন করা এবং অন্তর্ভূক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় বীমা পরিকল্পনা প্রণয়ন করে মুজিববর্ষ উপলক্ষ্যে "বঙ্গাবন্ধু সুরক্ষা বীমা" পলিসি ব্যাপকভাবে প্রচলনের মাধ্যমে সর্ব আয়ের মানুষের দূর্ঘটনাজনিত ঝুঁকি হ্রাসকরণের প্রয়াস অব্যাহত রাখা। এছাড়া সরকারের নির্বাচনী ইশতেহার, পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প-২০২০-২১ অর্জনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রিমিয়াম আয় সরকারী খাতে ৩৮৫ কোটি, বেসরকারী খাতে প্রিমিয়াম আয় ১৪ কোটি, পুনঃবীমা প্রিমিয়াম আয় ৮৩২ কোটি টাকা।
- রিজার্ভ ফান্ড ১১৫ কোটি টাকায় উন্নীতকরণ। * ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার ৮০% -এ উন্নীতকরণ।
- বাৎসরিক নীট লাভ (কর প্রদান পূর্ববর্তী) ৩৩৯ কোটি টাকা। * গ্রাহক সংখ্যা ১,২০,০০০ এ উন্নীতকরণ এবং * সংস্থার কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে গৃহনির্মাণ খাতে ৩০ কোটি টাকা ঋণ বিতরণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বীমা ও পুনঃবীমা ব্যবসার ক্ষেত্রে বাংলাদেশের শীর্ষ প্রতিষ্ঠান হিসেবে সংস্থার অগ্রযাত্রা অব্যাহত রাখা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিদ্যমান আইন ও বিধি-বিধান পরিপালন সাপেক্ষে বীমা ও পুনঃবীমা সেবার মাধ্যমে মুনাফা ও প্রবৃদ্ধি অর্জনের পাশাপাশি একটি শক্তিশালী ও টেকসই বীমা খাত তৈরীতে সংস্থার অবস্থান ধরে রাখা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্পোরেশনের আয় বৃদ্ধি;
২. গ্রাহক সেবার মান উন্নয়ন;
৩. কর্পোরেশনের আর্থিক নিরাপত্তা নিশ্চিতকরণ;
৪. কর্পোরেশনের কার্যক্রম ডিজিটালাইজেশনকরণ
৫. গৃহনির্মাণ ঋণ সম্প্রসারণের মাধ্যমে সংস্থার কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য মানসম্মত বাসস্থানের সংস্থান করা

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. অনিশ্চিত ঝুঁকিকে আবরিত করে প্রিমিয়াম আয়;
২. উত্থাপিত দাবীকে দ্রুত নিষ্পত্তি করে দেশের অর্থনীতির চাকাকে সচল রাখা;
৩. জাতীয় ঝুঁকিকে পুনঃবীমার মাধ্যমে বহিঃবিশ্বে ছড়িয়ে দিয়ে জাতীয় সম্পদের ঝুঁকি নিরাপদ করার সাথে সাথে বৈদেশিরক মুদ্রার ভান্ডার বৃদ্ধি করা;
৪. লাভজনক খাতে বিনিয়োগ;
৫. গৃহনির্মাণ ঋণ সম্প্রসারণের মাধ্যমে সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য মানসম্মত বাসস্থানের সংস্থান করা

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| [১] সাবীকের আর্থিক নিরাপত্তা বৃদ্ধি | নীট লাভের পরিমান | কোটি টাকা | ৩২৫ | ৩২৮ | ৩৩৯ | ৩৪৩ | ৩৪৫ | কেন্দ্রীয় হিসাব রক্ষণ বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন | বার্ষিক প্রতিবেদন |
| | রিজার্ভ ফান্ড | কোটি টাকা | ১২০ | ১১৪ | ১১৫ | ১২০ | ১২২ | কেন্দ্রীয় হিসাব রক্ষণ বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন | বার্ষিক প্রতিবেদন |
| [২] গ্রাহক সেবার মান উন্নয়ন | ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার | % | ৩৭ | ৬২ | ৮০ | ৮০ | ৮৫ | দাবী বিভাগ, প্রধান কার্যালয়, সাধারণ বীমা কর্পোরেশন | দাবী রেজিস্টার |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] কর্পোরেশনের আয় বৃদ্ধি; | ৩০ | [১.১] প্রিমিয়াম আয় | [১.১.১] প্রিমিয়াম আয় (সরকারী) | সমষ্টি | কোটি টাকা | ১০ | ৩৩৮ | ৩৫৫ | ৩৮৫ | ৩৭০ | ৩৫৫ | ৩৪৫ | ৩৩৮ | ৪০৫ | ৪২৫ |
| | | [১.২] প্রিমিয়াম আয় (বেসরকারী) | [১.২.১] প্রিমিয়াম আয় (বেসরকারী) | সমষ্টি | কোটি টাকা | ১০ | ১৩ | ১৫ | ১৪ | ১৩.৭ | ১৩.৪ | ১৩.২ | ১৩ | ১৫.৫ | ১৭ |
| | | [১.৩] পুনঃবীমা প্রিমিয়াম আয় | [১.৩.১] পুনঃবীমা প্রিমিয়াম আয় | সমষ্টি | কোটি টাকা | ১০ | ৭৯২ | ৬৮৪ | ৮৩২ | ৮১৭ | ৮০২ | ৭৯৫ | ৭৯২ | ৮৯১ | ৯৩৫ |
| [২] গ্রাহক সেবার মান উন্নয়ন; | ২০ | [২.১] ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার | [২.১.১] ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার | সমষ্টি | % | ১০ | ৩৫ | ৬২ | ৮০ | ৬৫ | ৫০ | ৪২ | ৩৫ | ৮০ | ৮৫ |
| | | [২.২] গ্রাহকের সংখ্যা | [২.২.১] গ্রাহকের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১০ | ১০৫ | ১২০ | ১২৫ | ১২০ | ১১৫ | ১১০ | ১০৫ | ১৩০ | ১৩৫ |
| [৩] কর্পোরেশনের আর্থিক নিরাপত্তা নিশ্চিতকরণ; | ১৭ | [৩.১] রিজার্ভ ফান্ডের পরিমান | [৩.১.১] রিজার্ভ ফান্ডের পরিমান | সমষ্টি | কোটি টাকা | ৯ | ১২০ | ১১৪ | ১১৫ | ১১৪ | ১১৩ | ১১২ | ১১০ | ১২০ | ১২২ |
| | | [৩.২] অডিটের সংখ্যা | [৩.২.১] অডিটের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ২২ | ৫৬ | ৮০ | ৬৫ | ৫০ | ৩৫ | ২২ | ৮৫ | ৯০ |
| | | [৩.৩] নিষ্পত্তির হার | [৩.৩.১] নিষ্পত্তির হার | সমষ্টি | % | ৩ | ৮০ | ৫৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫৫ | ৯০ | ১০০ |
| [৪] কর্পোরেশনের কার্যক্রম ডিজিটালাইজেশনকরণ | ৫ | [৪.১] অফিস ব্যবস্থাপনা উন্নয়ন | [৪.১.১] অটোমেশনকৃত শাখা/অফিস/বিভাগ (ক্রমপুঞ্জিভূত) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ৪ | ১২ | ১৭ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ৪০ | ৬০ |
| | | [৪.২] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবাপ্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৪.২.১] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS)-এর মাধ্যমে তথ্য /সেবা প্রদানকারী শাখা/অফিস/বিভাগের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৯ | ৭ | ৫ | ৪ | ৩ | ১৫ | ২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৫] গৃহনির্মাণ ঋণ সম্প্রসারণের মাধ্যমে সংস্থার কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য মানসম্মত বাসস্থানের সংস্থান করা | ৩ | [৫.১] বিতরণকৃত গৃহ নির্মাণ ঋণ (সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য) | [৫.১.১] বিতরণকৃত গৃহ নির্মাণ ঋণ (সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য) | সমষ্টি | কোটি টাকা | ৩ | ২৯ | ২৫ | ৩০ | ২৯ | ২৮ | ২৭ | ২৫ | ৩২ | ৩৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
সাধারণ বীমা কর্পোরেশন

২১-০৭-২০২০
তারিখ

সিনিয়র সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

২৭/৭/২০২০ খ্রি:
তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | সাবীক | সাধারণ বীমা কর্পোরেশন |
| ২ | a2i | Access to Information |
| ৩ | AML | Anti Money Laundering |
| ৪ | SDG | Sustainable Development Goals (টেকসই উন্নয়ন অভীষ্ট) |
| ৫ | বিআইএসডিপি | বাংলাদেশ ইন্স্যুরেন্স সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট |

# সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] প্রিমিয়াম আয় | [১.১.১] প্রিমিয়াম আয় (সরকারী) | সরকারী খাতে ৩৮৫ কোটি টাকা প্রিমিয়াম আয় | দায়গ্রহণ বিভাগ | প্রিমিয়াম রেজিস্টার | প্রিমিয়াম রেজিস্টার |
| [১.২] প্রিমিয়াম আয় (বেসরকারী) | [১.২.১] প্রিমিয়াম আয় (বেসরকারী) | বেসরকারী খাতে প্রিমিয়াম আয় ১৪ কোটি টাকা | দায়গ্রহণ বিভাগ প্রিমিয়াম রেজিস্টার | প্রিমিয়াম রেজিস্টার | প্রিমিয়াম রেজিস্টার |
| [১.৩] পুনঃবীমা প্রিমিয়াম আয় | [১.৩.১] পুনঃবীমা প্রিমিয়াম আয় | পুনঃবীমা খাতে প্রিমিয়াম আয় ৮৩২ কোটি টাকা | পুনঃবীমা বিভাগ | প্রিমিয়াম রেজিস্টার | প্রিমিয়াম রেজিস্টার |
| [২.১] ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার | [২.১.১] ৯০ দিনের মধ্যে বীমা দাবী নিষ্পত্তির হার | ৮০% বীমা দাবী ৯০ দিনের মধ্যে নিষ্পত্তি | দাবী বিভাগ | দাবী রেজিস্টার | দাবী রেজিস্টার |
| [২.২] গ্রাহকের সংখ্যা | [২.২.১] গ্রাহকের সংখ্যা | গ্রাহক সংখ্যা ১,২০,০০০ এ উন্নীত করা | দায়গ্রহণ বিভাগ | প্রিমিয়াম রেজিস্টার | প্রিমিয়াম রেজিস্টার |
| [৩.১] রিজার্ভ ফান্ডের পরিমান | [৩.১.১] রিজার্ভ ফান্ডের পরিমান | রিজার্ভ ফান্ড ১১৫ কোটি টাকায় উন্নীতকরণ | কেন্দ্রীয় হিসাব রক্ষণ বিভাগ | বার্ষিক প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] অডিটের সংখ্যা | [৩.২.১] অডিটের সংখ্যা | অডিটের সংখ্যা ৮০ টিতে উন্নীত করা | অডিট এন্ড কমপ্লায়েন্স বিভাগ | অডিট রেজিস্টার | অডিট রেজিস্টার |
| [৩.৩] নিষ্পত্তির হার | [৩.৩.১] নিষ্পত্তির হার | উত্থাপিত বীমা দাবীর নিষ্পত্তির হার ১০০% | দাবী বিভাগ | দাবী রেজিস্টার | দাবী রেজিস্টার |
| [৪.১] অফিস ব্যবস্থাপনা উন্নয়ন | [৪.১.১] অটোমেশনকৃত শাখা/অফিস/বিভাগ (ক্রমপুঞ্জিভূত) | অটোমেশনকৃত শাখা/অফিস/বিভাগ ১৭ টিতে উন্নীতকরণ | আইটি বিভাগ ও বিআইএসডিপি প্রকল্প | রেজিস্টার | রেজিস্টার |
| [৪.২] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবাপ্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৪.২.১] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS)- এর মাধ্যমে তথ্য /সেবা প্রদানকারী শাখা/অফিস/বিভাগের সংখ্যা | ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS)- এর মাধ্যমে তথ্য /সেবা প্রদানকারী শাখা/অফিস/বিভাগের সংখ্যা ০৯ (নয়) টিতে উন্নয়ন। | প্রধান কার্যালয় এর দায়-গ্রহণ বিভাগ/প্রত্যেক জোনাল অফিস। | রেজিস্টার | রেজিস্টার |
| [৫.১] বিতরণকৃত গৃহ নির্মাণ ঋণ (সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য) | [৫.১.১] বিতরণকৃত গৃহ নির্মাণ ঋণ (সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য) | গৃহ নির্মাণ ঋণ বিতরণের পরিমাণ ৩০ কোটি টকায় উন্নীতকরণ | গৃহনির্মাণ অগ্রিম সেল | রেজিস্টার | রেজিস্টার |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
| --- | --- | --- | --- | --- | --- |